

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯২৭

٩. यन गलाता সूतिष्ठ উপদেশ याला (کِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ যারা ইলমে মজবৃতী অর্জন করেনি, তারা অত্র হাদীসের যেই শব্দটির অর্থ বুঝতে পারে না

ذِكْرُ لَفْظٍ لَمْ يَعْرِفْ مَعْنَاهُ جَمَاعَةٌ لَمْ يُحْكِمُوا صِنَاعَةَ الْعِلْم

## আরবী

927 \_ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدِ بْنِ حِسَابٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدِ بْنِ حِسَابٍ قَالَ: حَدَّثَنَا أَبُو بُرْدَةَ عَنِ الْأَغَرِّ الْمُزَنِيِّ وَكَانَتْ لَهُ صَحْبَةٌ قَالَ: حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ ثَابِتٍ قَالَ: عَدَّثَنَا أَبُو بُرْدَةَ عَنِ الْأَغَرِّ الْمُزَنِيِّ وَكَانَتْ لَهُ صَحْبَةٌ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّهُ لَيُغَانِ عَلَى قَلْبِي وَإِنِّي لَأَسْتَغْفِرُ الله كل يوم مئة مرة)

الراوي: الْأَغَرّ الْمُزَنِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 927 ا خلاصة حكم المحدث:. صحيح.

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّهُ لَيُغَانُ عَلَى قَلْبِي) يُرِيدُ بِهِ: يَرِدُ عَلَيْهِ الْكَرْبُ مِنْ ضِيقِ الصَّدْرِ مِمَّا كَانَ يَتَفَكَّرُ فِيهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِأَمْرِ السَّتِغَالِهِ كَانَ بِطَاعَةٍ عَنْ طَاعَةٍ أَوِ اهْتِمَامِهِ بِمَا لَمْ يَعْلَمْ مِنَ الْأَحْكَامِ قَبْلَ نُزُولِهَا كَأَنَّهُ كَانَ يَعْدُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَدَمَ عِلْمِهِ بِمَكَّةَ بِمَا فِي سُورَةِ الْبَقَرَةِ مِنَ الْأَحْكَامِ قَبْلَ إِنْزَالِ يَعُدُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَدَمَ عِلْمِهِ بِمَكَّةَ بِمَا فِي سُورَةِ الْبَقَرَةِ مِنَ الْأَحْكَامِ قَبْلَ إِنْزَالِ لَكَ عَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَدَمَ عِلْمِهِ بِمَكَّةً بِمَا فِي سُورَةِ الْبَقَرَةِ مِنَ الْأَحْكَامِ قَبْلَ إِنْزَالِ اللَّهِ إِيَّاهَا بِالْمَدِينَةِ ذَنْبًا فَكَانَ يُغَانُ عَلَى قَلْبِهِ لِذَلِكَ حَتَّى كَانَ يَسْتَغْفِرُ اللَّهَ كل يوم مئة مَرَّةٍ لَا أَنَّهُ كَانَ يُعْانُ عَلَى قَلْبِهِ مِنْ ذَنْبِ يُذْنِبُهُ كَأُمَّتِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم.

## বাংলা

৯২৭. আগার্র আল মুযানী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "নিশ্চয়ই আমার অন্তরে কোন কোন হালকা আবরণ পড়ে। আর নিশ্চয়ই আমি প্রতিদিন আল্লাহর কাছে একশবার ইস্তিগফার করি।"[1]



আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বক্তব্য "নিশ্চয়ই আমার অন্তরে কোন কোন হালকা আবরণ পড়ে" এর দ্বারা উদ্দেশ্য হলো একটি ভাল কাজ ছেড়ে অন্য আরেকটি ভাল কাজে মনোনিবেশ করার ব্যাপারে তিনি যে দুশ্চিন্তা করতেন, সেজন্য তিনি বুকে যে সংকীর্ণতা অনুভব করতেন, তার জন্য তাঁর অন্তর ব্যথা ভারাক্রান্ত হতো, অথবা যেসব বিধি-বিধান অবতীর্ণ হয়নি, সেসব বিধান না জানার ব্যাপারে অত্যধিক গুরুত্বারোপ করার কারণে অন্তর ব্যথিত হতো, যেন তিনি সূরা বাকারার যেসব বিধান মদীনায় অবতীর্ণ হয়েছে, সেসব বিধি-বিধান মক্কায় না জানাকে পাপ গণ্য করতেন, আর এজন্য তিনি প্রতিদিন একশবার ইস্তিগফার করতেন; এটা এজন্য নয় যে, উম্মতের অন্যান্য লোকের মত পাপের কারণে তাঁর অন্তরে আবরণ পড়তো।"

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/২৬০; সহীহ মুসলিম: ২৭০২; আবূ দাউদ: ১৫১৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ১২৮৭; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ৪৪২; আত তাবারানী: ৮৮৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৩৫৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আগার আল-মুযানী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন